গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অধিশাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক : সবিম/শাঃ ৩/বইনীতি-৫৯/১১/৭৪

৩০ মাঘ ১৪২১
১২ ফেব্রুয়ারি ২০১৫

বিষয় : জাতীয় আরকাইভস অডিটরিয়াম ভাড়া ও ব্যবহার নীতিমালা অনুমোদন প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জাতীয় আরকাইভস এর অডিটরিয়াম ভাড়া ও ব্যবহার নীতিমালাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথানির্দেশ এ সাথে প্রেরণ করা হলো। তবে শর্ত থাকে যে-

ক) অডিটোরিয়ামের আদায়কৃত ভাড়া সরকারি কোষাগারে জমা করতে হবে; এবং

খ) অর্থ বিভাগকে এতদবিষয়ে পরবর্তীকালে অবহিত করতে হবে।

সংযুক্তি : যথাবর্ণনা। (৪ নং পাতা).

মোঃ মোশাররফ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৭০৬৬৫

পরিচালক
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২। অফিস কপি/গার্ড ফাইল।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
ডাইরী নং ২২২
তারিখ ১৫/২/২০১৫
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

DD (A)
৮/১

প্রয়োজনীয় ব্যবস্থা নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অধিশাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় : জাতীয় আরকাইভস এর অডিটোরিয়াম ভাড়া ও ব্যবহার নীতিমালা।**

**অ) অডিটোরিয়াম ব্যবহারের ক্ষেত্রসমূহ এবং নিয়মাবলি :**

০১। নিম্নলিখিত ক্ষেত্রসমূহের মধ্যে অডিটোরিয়ামের ব্যবহার সীমাবদ্ধ থাকবে :

ক) ইতিহাস, ঐতিহ্য, শিক্ষা, সংস্কৃতি এবং আর্থসামাজিক উন্নয়নমূলক অনুষ্ঠান,

খ) মহৎ ও স্মরণীয় এবং বিশিষ্ট ব্যক্তিবর্গের স্মরণে আয়োজিত অনুষ্ঠান,

গ) জাতীয় আরকাইভস সংশ্লিষ্ট সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কসপ ও প্রশিক্ষণ কার্যক্রম,

ঘ) জাতীয় দিবসসহ বিশেষ স্মরণীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান,

ঙ) সাংস্কৃতিক প্রতিযোগিতা, সংগীত, নৃত্য, নাটক, আবৃত্তি ও অনুরূপ গঠনমূলক অনুষ্ঠান,

চ) প্রামাণ্য চলচ্চিত্র, স্লাইড, চিত্রকর্ম, সৃজনশীল চলচ্চিত্র প্রদর্শনী ইত্যাদি।

ছ) সমাজসেবামূলক ও জনকল্যাণমুখী কাজে তহবিল সংগ্রহার্থে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক 'এর বিশেষ অনুমতিক্রমে বিনোদনমূলক নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

০২। কোন রাজনৈতিক সভা কিংবা ধর্মীয় বিতর্কমূলক অনুষ্ঠানের জন্য অডিটোরিয়াম বরাদ্দ দেয়া হবে না।

০৩। দেশীয় সংস্কৃতি পরিপন্থী কিংবা ব্যান্ড শো জাতীয় অনুষ্ঠানের জন্য অডিটোরিয়াম বরাদ্দ দেয়া হবে না।

০৪। বরাদ্দপত্রে উল্লিখিত বিষয় ভিন্ন অন্য কোন ধরনের অনুষ্ঠান করলে জামানত বাজেয়াপ্ত করে ভাড়া গ্রহীতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। অডিটোরিয়াম বরাদ্দ দেয়া কিংবা না দেয়ার সম্পূর্ণ এখতিয়ার আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

০৬। অধিদপ্তর কর্তৃপক্ষ প্রয়োজন হলে বরাদ্দ দেয়ার পরও কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় অডিটোরিয়াম বরাদ্দের অনুমতি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন। সেক্ষেত্রে ভাড়া গ্রহীতা কোন আপত্তি বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না।

**আ) অডিটোরিয়াম ভাড়ার হার ও নিয়মাবলি :**

০১। অডিটোরিয়াম ব্যবহারের জন্য নির্ধারিত ফরমে উপপরিচালক (আরকাইভস) বরাবর আবেদন করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে 'পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা' এর বরাবরে অর্ধদিবসের জন্য পাঁচ হাজার টাকা এবং পূর্ণদিবসের জন্য দশ হাজার টাকা জামানত হিসেবে পে-অর্ডার জমাদান করতে হবে। ব্যবহারকালীন সময়ে অডিটোরিয়ামের কোনরূপ ক্ষতি সাধন না করলে জামানত বাবদ প্রদত্ত টাকা অনুষ্ঠান শেষে ফেরত প্রদান করা হবে।

১২.২.২০১৫

মোঃ মোশাররফ হোসেন
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩। ভাড়ার হার (নিয়মাবলী ১-এ উল্লিখিত সকল প্রকার অনুষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য) :

| ভাড়ার সময় বা মেয়াদ | অডিটোরিয়াম ভাড়া (টাকা) | | ১৫% ভ্যাট (টাকা) | মোট ভাড়া (টাকা) |
|---|---|---|---|---|
| পূর্ণদিবস- সকাল ৯.০০টা- রাত ৯.০০টা লাইটিং ও সাউন্ড সিস্টেমসহ | সরকারি | ৭,০০০/- | ১০৫০/- | ৮,০৫০/- |
| | বেসরকারি | ১০,০০০/- | ১৫০০/- | ১১,৫০০/- |
| অর্ধদিবস- (যে কোন একটি শিফট) : ১ম শিফট- সকাল ৯.০০টা- বিকাল ২.০০টা ২য় শিফট- বিকাল ৪-০০টা- রাত ৯.০০ টা | সরকারি | ৫০০০/- | ৭৫০/- | ৫,৭৫০/- |
| | বেসরকারি | ৭,০০০/- | ১০৫০/- | ৮,০৫০/- |

০৪। অডিটোরিয়াম বরাদ্দ পাওয়ার আবেদন অনুমোদনের পর আবেদনকারী বরাবরে সাময়িকভাবে অডিটোরিয়াম বরাদ্দপত্র ইস্যু করা হবে। উক্ত বরাদ্দপত্রে উল্লিখিত তারিখের মধ্যে আবেদনকারীকে মোট ভাড়ার টাকা আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অনুকূলে চালানের মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে চালানের মূল কপি প্রাপ্তির পর চূড়ান্ত বরাদ্দপত্র ইস্যু করা হবে। অন্যথায় সাময়িক বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে আবেদনপত্রের সাথে প্রদত্ত জামানতের অর্থও বাজেয়াপ্ত হবে।

০৫। পূর্ণদিবস কিংবা অর্ধদিবসের উল্লিখিত নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহার করলে প্রতিঘণ্টার জন্য এক হাজার টাকা হারে অতিরিক্ত ভাড়া প্রদান করতে হবে।

০৬। যদি অন্য কোন প্রতিষ্ঠানের অনুকূলে অডিটোরিয়াম বরাদ্দ না থাকে তবে ভাড়া গ্রহীতাকে প্রতিঘণ্টা পাঁচশত টাকা হারে অতিরিক্ত চার্জ পরিশোধ সাপেক্ষে অনুষ্ঠানের পূর্বে অডিটোরিয়াম প্রস্তুতিমূলক কাজ/মহড়া করার অনুমতি প্রদান করা যাবে।

০৭। ভাড়া গ্রহীতা যদি অনুষ্ঠানের প্রয়োজনে বাইরে থেকে অতিরিক্ত আলোক প্রক্ষেপণ সরঞ্জামাদি এনে ব্যবহার করতে চান, সেক্ষেত্রে অতিরিক্ত বিদ্যুৎ চার্জ বাবদ প্রতি পূর্ণদিবসে দুইহাজার পাঁচশত টাকা এবং প্রতি অর্ধদিবসে একহাজার টাকা অতিরিক্ত পরিশোধ করতে হবে।

০৮। কোন অনুষ্ঠান শুটিং করলে শুটিং চার্জ বাবদ প্রতি পূর্ণদিবসে পাঁচহাজার টাকা এবং প্রতি অর্ধদিবসে তিনহাজার টাকা অতিরিক্ত পরিশোধ করতে হবে।

০৯। অডিটোরিয়াম ব্যবহারের জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে সাতদিন পূর্বে অনুষ্ঠানের তারিখ পরিবর্তন করা যেতে পারে। তারিখ পরিবর্তনের ক্ষেত্রে ১০% হারে অতিরিক্ত ভাড়া প্রদান করতে হবে। এভাবে কেবল একবার অনুষ্ঠানের তারিখ পরিবর্তন করা যাবে।

১০। অনুষ্ঠান চলাকালে লোডশেডিং কিংবা বিদ্যুৎ বিভ্রাটের কারণে অধিদপ্তরের জেনারেটর ব্যবহার করা হলে প্রতি ঘণ্টার জন্য দুইহাজার টাকা হারে অতিরিক্ত ভাড়া প্রদানকরতে হবে। এক্ষেত্রে বাইরের কোন জেনারেটর ব্যবহার করা যাবে না।

১১। কোন কারণে ভাড়া গ্রহীতা কর্তৃক অনুষ্ঠান বাতিল করা হলে :

(ক) ৭২ (বাহাত্তর) ঘণ্টা পূর্বে বাতিলের ক্ষেত্রে ১০%,

(খ) ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে বাতিলের ক্ষেত্রে ২৫%,

(গ) ২৪ (চব্বিশ) ঘণ্টা পূর্বে বাতিলের ক্ষেত্রে ৫০%,

(ঘ) ২৪ (চব্বিশ) ঘণ্টারও কম সময় পূর্বে বাতিলের ক্ষেত্রে ৭৫% অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং

(ঙ) অনুষ্ঠানের নির্ধারিত তারিখ অতিক্রান্ত হলে ভাড়ার সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এখতিয়ার বহির্ভূত কোন দৈবদুর্বিপাক, রাজনৈতিকি বা সামাজিক অচলাবস্থা ইত্যাদি অনিবার্য কারণে নির্ধারিত দিনে অনুষ্ঠান করা সম্ভব না হলে, সেক্ষেত্রে কোন জরিমানা দিতে হবে না।

২২.২.২০১৫

মোঃ মোশাররফ হোসেন
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২। কোন বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার নামে একাধারে সাত দিনের অধিক অডিটোরিয়াম বরাদ্দ দেয়া হবে না।

১৩। অডিটরিয়াম ভাড়া বাবদ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে নির্ধারিত ১৩ (তের) ডিজিট কোডে জমা দিতে হবে।

১৪। অডিটরিয়াম ভাড়ার হার সময়ের ব্যাপ্তিতে পরিবর্তনযোগ্য এবং এরূপ পরিবর্তন প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সময়ের পরিবর্তনের প্রেক্ষিতে সার্কুলার/আদেশ জারীর মাধ্যমে সংশোধন করা যাবে।

**ই) অডিটোরিয়াম ভাড়া গ্রহীতার পালনীয় শর্তাবলি :**

০১। অডিটোরিয়ামে কোন ধরনের অশালীন কিংবা উত্তেজনা সৃষ্টি হয় এমন কোন সংগীত, নৃত্য, অভিনয় বা ধারা বর্ণনা করা যাবে না।

০২। অডিটোরিয়ামে রাজনৈতিক, সামাজিক এবং ধর্মীয় বিতর্কমূলক কোন বক্তৃতা প্রদান করা যাবে না।

০৩। অডিটোরিয়ামের ভেতরে ও বাইরে কোন রাজনৈতিক শ্লোগান প্রদান করা যাবে না।

০৪। অনুষ্ঠানের টিকিট বিক্রির জন্য অডিটোরিয়ামের ভেতরে বিংবা বাইরে কোনরূপ কাউন্টার খোলা বা কোনভাবে টিকিট বিক্রির ব্যবস্থা করা যাবে না।

০৫। নাটক বা চলচ্চিত্র প্রদর্শনীর জন্য অডিটোরিয়াম বরাদ্দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র/অনুমতিপত্র থাকতে হবে।

০৬। অডিটোরিয়াম প্রাঙ্গণে প্যান্ডেল বা ছাউনি তৈরি, রান্না বা খাওয়ার ব্যবস্থা, মাইক ব্যবহার ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা যাবে না।

০৭। অনুষ্ঠান চলাকালে অডিটোরিয়ামের শব্দ সম্প্রসারণ যন্ত্রের সাথে সংযোগ প্রদানের মাধ্যমে মাইক ব্যবহার করে বহিঃপ্রচারের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

০৮। অডিটোরিয়ামের ভিতরে কিংবা বাইরে নির্দিষ্ট স্থান ব্যতীত অন্য কোন স্থানে অথবা ভবনের দেয়ালে কিংবা সীমানা প্রাচীরে কোন প্রকার লেখালেখি করা বা পোস্টার সাঁটা যাবে না।

০৯। অডিটোরিয়ামের অভ্যন্তরে আগুনের কোন প্রকার ব্যবহার এবং ধূমপান করা যাবে না।

১০। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে স্টেজ, উইংস, সাইক্লোরামা ও অডিটোরিয়ামের দেয়ালে কোন পেরেক/কাঁটা ব্যবহার করা যাবে না এবং গাম বা টেপ দিয়ে কোন পোস্টার/ফেস্টুন/ব্যানার লাগানো যাবে না। দেয়ালে লিখন সম্পূর্ণরূপে নিষেধ।

১১। অনুষ্ঠান চলাকালে ভাড়া গ্রহীতাকে অডিটোরিয়ামের ভেতরে ও আশপাশে শান্তিশৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষকে অনুষ্ঠানের আগেই অবহিত করতে হবে।

১২। অডিটোরিয়ামের ভেতরে কোনরূপ রান্না করা খাবার বা খাবারের প্যাকেট পরিবেশন বা বিতরণ করা যাবে না। তবে অডিটোরিয়ামের লবিতে হালকা শুকনো নাস্তা পরিবেশন করা যাবে।

১৩। অনুষ্ঠান চলাকালে কোন সমস্যা দেখা দিলে বা কোনরূপ বিশেষ সহযোগিতার প্রয়োজন হলে অধিদপ্তরের পরিচালক বিংবা অডিটরিয়ামের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা বা কর্মচারীদের অবহিত করতে হবে।

১৪। নিয়ন্ত্রণ বহির্ভূত যান্ত্রিক/বৈদ্যুতিক গোলযোগের জন্য অনুষ্ঠান বিঘ্নিত হলে অধিদপ্তর কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না।

১৫। অতিরিক্ত শব্দ সম্প্রসারণ যন্ত্র ও আলোক প্রক্ষেপণ সরঞ্জামাদির প্রয়োজন হলে তার ব্যবস্থা ভাড়া গ্রহীতার নিজ দায়িত্বে করতে হবে। এ জন্য অধিদপ্তর কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

মোঃ মোশাররফ হো
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্র
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

১৬। অডিটোরিয়ামে বিদ্যমান সুযোগ সুবিধার অতিরিক্ত কোন সুযোগ সুবিধা দাবি করা যাবে না।

১৭। অধিদপ্তর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অডিটোরিয়াম কিংবা অন্য কোন ভবনের সংরক্ষিত এলাকা প্রবেশ করা যাবে না।

১৮। অধিদপ্তর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কর্মকর্তা বা কর্মচারী ব্যতীত অন্য কেউ শব্দ সম্প্রসারণ যন্ত্র ও আলোক প্রক্ষেপণ সরঞ্জামাদি কিংবা অন্য কোন যন্ত্রপাতি ধরতে বা ব্যবহার করতে পারবে না।

১৯। অডিটোরিয়ামে অনুষ্ঠান পর্যবেক্ষণের জন্য আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর 'এর কর্মকর্তাদের জন্য প্রথম ও দ্বিতীয় সারিতে চারটি করে মোট আট টি আসন সংরক্ষণ পূর্বক আটটি আমন্ত্রণ পত্র/পাস অধিদপ্তর কর্তৃপক্ষের নিকট অনুষ্ঠানের একদিন পূর্বে পৌঁছাতে হবে।

২০। নিরাপত্তার স্বার্থে অধিদপ্তর কর্তৃপক্ষ অডিটোরিয়ামের ভেতরে ও বাইরে অবস্থানরত সকলেরই ব্যাগ এবং দেহ তল্লাশি করতে পারবে।

২১। বিদেশি কোন শিল্পী বা প্রতিনিধি সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে অডিটোরিয়ামে কোন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন না।

২২। অডিটরিয়াম ব্যবহারের সময় অডিটোরিয়ামের কোন সম্পদ নষ্ট হলে কিংবা কোনরূপ ক্ষতি সাধিত হলে ভাড়া গ্রহীতা সম্পূর্ণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। অনুরূপ ক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।

-------

২২.২.২০১৮

মোঃ মোশাররফ হোসেন
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার